

তুমি অন্ধ হয়ে যাও নিরিক্সঃ-

কেন যে আছে আলোর দিকে  
আলো হয়ে আছে ভীষণ ফিকে,  
ভেসে যাবে যত বেহায়া বিকেল  
গল্প করে নাও।

হয়তো জানে না কোন সে বাতাসে  
ভেসে যাবে যত পালকও আকাশে,  
কেউ তো জানে না কোন ইতিহাসে  
আগেও এসেছে বিকেল।

তুমি অন্ধ হয়ে যাও  
আমায় গন্ধে চিনে নাও,  
আমি কষ্টের কাছে আনাচে কানাচে  
ঘুরবো অছিলায়,  
তুমি অন্ধ হয়ে যাও  
আমায় গন্ধে চিনে নাও।।

শ্মশানে মশানে যত মহা স্নানে  
ফসিলের দেশে সময়ের দামে  
গির্জা রাতে কাফিরের সাথে  
সঙ্গ করেছি কাল,  
আজ ভেসে ওঠে মৃত জাল  
তুমি মুগ্ধ হতে চাও  
তুমি প্রবাদুর গান গাও  
আমি চিহ্ন খুঁজে যাই।

তুমি অন্ধ হয়ে যাও  
আমায় গন্ধে চিনে নাও,  
আমি কষ্টের কাছে আনাচে কানাচে  
ঘুরবো অছিলায়,  
তুমি অন্ধ হয়ে যাও  
আমায় গন্ধে চিনে নাও।